# দিঘলিয়া উপজেলা পরিষদের জুন/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১৩)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ৩০ জুন ২০২৫,
সময় : দুপুর ১২:৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত মে/২০২৫, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | মে/২০২৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: মে/২০২৫ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিসম্পদ ডেইরী উন্নয়ন প্রকল্পের পিজি গ্রুপে সুগন্ধী ও ঘোষগাতী মোট ৮০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আমিষের চাহিদা পূরণে প্রাণিসম্পদ দপ্তরে কাজ চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নীতিমালা অনুসরণপূর্বক দাপ্তরিক কাজ পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, দিঘলিয়া উপজেলায় ইতোমধ্যে ২ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে। তিনি আরো বলেন বর্তমানে কোভিড রোগের প্রদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন কোভিড রোগ থেকে রক্ষা পেতে আমাদের সকলকে বাহিরে বের হওয়ায় সময় মাস্ক পরে বাহিরে বের হওয়া এবং বাহির থেকে ঘর/কর্মস্থলে প্রবেশের সময় হ্যান্ডওয়াশ/হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করার পরামর্শ প্রদান করেন। তিনি আরো বলেন আমাদের বর্তমান সময়ে হাচি কাশি আসলে মুখে হাত দিয়ে হাচি কাশি দেওয়ার কথা বলেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ডেঙ্গু মশার উপদ্রব রোধ কল্পে সকলের আঙ্গিনার চার পাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ কোভিড রোগের সংক্রামক রোগ থেকে রক্ষা পেতে আমাদের সকলকে বাহির যাওয়ার সময় মাস্ক পরিধান করে বাড়ির বাহিরে যেতে এবং বাহির হতে ঘর/কর্মস্থলে প্রবেশের সময় হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর | উপজেলা একাডেমিক সুপারভাইজার জানান যে, সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় অর্ধবার্ষিকী পরীক্ষা স্বাভাবিকভাবে চলছে এবং এইচএসসি পরীক্ষা ২০২৫ সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। অবশিষ্ট পরীক্ষাগুলি সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে এইচএসসি পরীক্ষা/২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে এবং অবশিষ্ট পরীক্ষাগুলি যাতে সুষ্ঠ ও সুন্দরভাবে হয় সে জন্য তিনি সকলকে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, বর্তমান জন্মনিরোধক সামগ্রীর সংকট রয়েছে তবে কিছু কিছু সামগ্রীর সরবরাহ ইতিমধ্যে শুরু হয়েছে। তিনি বলেন অত্র উপজেলায় মোট দম্পতি ৮৮,২৮২ জন পরিবার পরিকল্পনা পদ্ধতির মোট গ্রহনকারী ৭২,০৮৮ জন সি, এ, আর ৮১.৬৬% ইমপ্ল্যান্ট গ্রহনকারী ৯২ জন, আইইউডি গ্রহনকারী ২০ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ০ জন, স্থায়ী পদ্ধতি (মহলি) ২৬ জন। প্রসব সেবা ০৭ জন। পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো বলেন উপপরিচালক পরিবার পরিকল্পনা খুলনা মহোদয় সকল উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের নিয়ে করোনা ভাইরাস, ডেঙ্গু জ্বর প্রতিরোধ সভা করেন। পরবর্তীতে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপজেলার বিভিন্ন ইউনিয়নের পরিবার পরিকল্পনা বিভাগের SACMO, FWV, FPI, FWA দের কে নিয়ে করোনা ভাইরাস ও ডেঙ্গু জ্বর প্রতিরোধ সভা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনাসহ করোনা ভাইরাস ও ডেঙ্গু জ্বর সম্পর্কে সচেতনামূলক পরামর্শ প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য অফিসার জানান যে, ১৫ এপ্রিল হতে ২০২৫ পর্যন্ত ও ১১ জুন ২০২৫ পর্যন্ত মোট ৫৮ দিন সমুদ্রে মৎস্য আহরণে বিরত থাকা ০৯ জন জেলেদের মাঝে ২ কিস্তিতে মোট ০.৬৩৯ মে.টন চাউল বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি বলেন ২০২৪-২০২৫ অর্থবছরে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় মোট ৩২ (বত্রিশ) জন মৎস্য কার্ডধারী ইলিশে জেলেদের মাঝে বিকল্প কর্মসংস্থানের জন্য ৩২ (বত্রিশ) | সভায় বিস্তারিত আলোচনান্তে সমুদ্র গামী জেলেদের মাঝে সঠিক ভাবে চাউল বিতরণ সম্পন্নসহ ২০২৪-২৫ অর্থবছরে জেলেদের বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে অনুমোদিত ৩২ (বত্রিশ) জন | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | টি বকনা বাছুর বিতরণ করা হয়েছে। তিনি আরো বলেন ০১ নভেম্বর থেকে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ০৮ মাস ব্যাপী জাটকা সংরক্ষণ অভিযান সম্পন্ন হয়েছে এবং বিভিন্ন খালে নেট পাটা উচ্ছেদ অভিযান অব্যাহত রয়েছে। | সুফলভোগী জেলেদের মাঝে বকনা বাছুর বিতরন করার সিদ্ধান্ত গৃহীত হয়। । | |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ১৪ টি ব্যাচে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি জারি হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রাপ্ত আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুব ও যুব মহিলাদের মাঝে ৪,৮০,০০০/- টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে। চলমান ঋণ আদায় শত ভাগ, তবে খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, জুন/২০২৫ এ মাসিক আদায় ৭,৪০,২৯৮/-(সাত লক্ষ চল্লিশ হাজার দুই শত আটানব্বই) টাকা এছাড়া অনাদায়ী অর্থ আদায়ের জন্য দিঘলিয়া, সেনহাটি, আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নে ১ম নোটিশ করা হয়। পূর্বে যে প্রকল্পে অনাদায়ী অর্থ আদায়ের নোটিশ করা হয়েছিল সে প্রকল্প হতে কিছু টাকা আদায় হয়েছে। বাকী অনাদায়ী অর্থ আদায়ের জন্য ২য় নোটিশ করার জন্য কার্যক্রম চলমান আছে। তিনি বলেন ২০২৪-২৫ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কমিটির আওতায় জুন/২০২৫মাস পর্যন্ত সামাজিক কর্মসূচির আওতায় মোট ১৩,৯৭২ (তের হাজার নয় শত বাহাত্তর) জন ভাতাভোগীর ৪র্থ কিস্তি পে-রোল দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনাসহ ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা বন দপ্তর | উপজেলা বন কর্মকর্তা জানান যে, এখন বৃক্ষরোপনের উপযুক্ত সময় চলছে। তিনি বলেন উপজেলা প্রবেশ দার এর পার্শ্বে একটি ফলজ গাছের চারা রোপনের মাধ্যমে বিশ্ব পরিবেশ দিবস ২০২৫ এর শুভ সূচনা করেছেন এবং বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে উপজেলার বিভিন্ন স্থানে গাছের চারা রোপনে উৎসাহ প্রদান করেছেন। এতে উৎসাহিত হয়ে উপজেলার বিভিন্ন শ্রেণী পেশার জনগন গাছের চারা রোপন করছে। উপজেলা বন কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আরো বলেন মাননীয় উপদেষ্টা পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সরকারী নির্দেশনা মোতাবেক কাজ চলমান থাকবে কোন আগ্রাসী প্রজাতির গাছ লাগানো যাবেনা এবং বৃক্ষ রোপনের কার্যক্রম অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও উপজেলা ফরেস্ট অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | এর নির্দেশনায় আকাশমনি ও ইউক্যালিপ্টাস গাছ উৎপাদন বিক্রয় ও বিতরণ করা নিষিদ্ধ আছে। | | |
| ১১ | উপজেলা প্রকৌশলী দপ্তর | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) (খ) উপজেলা উন্নয়ন তহবিল (ইউ.ডি এফ) প্রকল্পের আওতায় অনুমোদিত সকল প্রকল্প কমিটি ও টেন্ডারের মাধ্যমে প্রকল্পসমুহের কাজ সুন্দর ও সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে।<br><br>সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান যে, অত্র উপজেলা পরিষদের অভ্যন্তরে টু-ইন কোয়াটার-২ আবাসিক ভবনটি দীর্ঘদিন যাবত বসবাসের অনুপযোগী পড়ে আছে। ভবনটির ছাদ দেওয়াল ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। বসবাস অযোগ্য ভবনটির অভ্যন্তরে বিষাক্ত এবং ক্ষতিকারক জীবজন্তু আশ্রয় গ্রহণ করার ফলে পাশ্ববর্তী অন্যান্য বাসায় বসবাসকারীদের অনেকটা জানমাল ঝুঁকির মধ্যে বসবাস করতে হয়। ভবনটি যেহেতু সম্পূর্ণরুপে বসবাস অযোগ্য সেহেতু ভবনটি কনডেমনেশন ঘোষাণা করে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থবছরের এডিপি ও ইউডিএফ এর সকল অনুমোদিত প্রকল্পগুলির কাজ সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে অত:পর ভবনটি কনডেমনেশন ঘোষাণা করে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভার অনুমোদন সাপেক্ষে জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জনান যে, ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের আবেদন সম্পন্ন হয়েছে। যাচাই বাছাই এর কাজ প্রক্রিয়াধীন। তিনি বলেন মা ও শিশু সহায়তা কর্মসূচীর এপ্রিল হতে জুন ২৫ পর্যন্ত নির্বাচন সম্পন্ন হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরের ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া যায় নাই। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমন আছে। তিনি বলেন জুন ২০২৫ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে ০১ টি অভিযোগ তদন্তধীন আছে। তিনি আরো বলেন জুন ২৫ মাসে ০২ টি উঠান বৈঠক করা হয়েছে এবং ০৬ জন অসহায় মহিলাকে কাউন্সিলিং প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, ভাতাভোগী সদস্যদের মাঝে মহাপরিচালক মহোদয়ের ঈদ উপহার বিতরণ করা হয়। তিনি আরো বলেন আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংকের আওতায় ভিডিপি সদস্যদের ক্রয়কৃত শেয়ারের ফরম পূরণ চলমান আছে। তিনি আরো বলেন আনসার ও ভিডিপি কার্যালয়ের মাধ্যমে বেকার আনসারদের কম্পিউটার ও ফ্রি লান্সিং প্রশিক্ষণ চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ প্রশিক্ষণের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউনিয়ন পরিষদ জানান যে, আড়ংঘাটা ইউনিয়ন পরিষদে সদ্য নির্মিত কার্পেটিং রাস্তায় পুকুর পাড় ধসে গেছে সেখানে জরুরী ভিত্তিতে মেরামতের ব্যবস্থা গ্রহণ না করা হলে জনগনের চলাচলের ব্যাপক ক্ষতি হচ্ছে। তিনি বলেন আড়ংঘাটা ইউনিয়নে গন-সাহায্য সংস্থার নির্মিত পরিত্যাক্ত বিদ্যালয়টি প্রাথমিক বিদ্যালয়ে রূপান্তরিত করার আবশ্যকতা রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সদ্য নির্মিত কাপ্রেটিং রাস্তার পাশে প্যালাসাইটিং নির্মাণে কাজ বরাদ্দ সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী অর্থবছর থেকে প্রতিটি ইউনিয়নে একটি বাজেট প্রদান করা হবে। তা হতে একটি করে দৃশ্যমান প্রকল্প গ্রহন করা হবে এবং সেটি যাচাই বাছাই অন্তে বাস্তবতার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রেরিত প্রকল্পের মধ্যে হতে প্রয়োজনীয়তার ভিত্তিতে দৃশ্যমান প্রকল্প গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

মে/ ২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর মে/২০২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১২,১০০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর এপ্রিল/২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১২,১০০/-<br>০৫। মোঃ জাহিদুল ইসলাম, গ্রাম পুলিশ, যোগীপোল ইউনিয়নের পরিষদ এর নামে মশক নিধনের বিল বাবদ=৯,৯২৪/-<br>০৬। মামুন গ্রাম পুলিশ দিঘলিয়া, ইউনিয়ন পরিষদ এর নামে দিঘলিয়া ইউনিয়নের মশক নিধনের বিল বাবদ=৯,৯৫০/-<br>০৭। বিল্লাল, গ্রাম পুলিশ সেনহাটি, দিঘলিয়া, খুলনা এর নামে সেনহাটি ইউনিয়নের মশক নিধনের বিল বাবদ=৯,৯৮০/-<br>০৮। জনাব মোঃ রাইছুল ইসলাম, সাঁটমুদ্রাক্ষারিক- কাম- কম্পিউটার অপারেটার, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মে/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৮৮৬/-<br>০৯। জনাব মিজানুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মে/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৭৫১/-<br>১০। জনাব আব্দুল হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মে/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১১। জনাব মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর মে/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১২। সুদীপ্ত ঘোষ জিতু, দেয়াড়া, দিঘলিয়া খুলনা এর নামে উপজেলা পরিষদের অফিসের কম্পিউটার খুচড়া যন্ত্রাংশ ক্রয়ের বিল বাবদ=২১,২০০/-<br>১৩। সুদীপ্ত ঘোষ জিতু, দেয়াড়া, দিঘলিয়া খুলনা এর নামে উপজেলা পরিষদের ফটোকপি মেশিনের খুচড়া যন্ত্রাংশ ক্রয় ও মেরামত কাজের বিল বাবদ=১৮,৮০০/-<br>১৪। সুদীপ্ত ঘোষ জিতু, দেয়াড়া, দিঘলিয়া খুলনা এর নামে উপজেলা পরিষদের ভিতরে সিসি ক্যামেরা স্থাপনের বিল বাবদ=৮,৫০০/-<br><br>১৫। মোঃ লিয়াকত আলী খান মালী উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ঈদুল আযহার উৎসব ভাতা প্রদান বাবদ=১৩,৭৫০/- | ১,৫৭,৬৪৩/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৬৫৯/১ তারিখ: ৩০.০৬.২০২৫

খ্রি:অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব ............................................... সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

CamScanner